দৈনিক সংবাদ

তারিখ MAR 24 1999
পৃষ্ঠা ৮ কলাম 7

76

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# পরিবহনে গুলি বোমা হামলা, গ্রেফতার ৭

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ গত শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরিবহনে ছাত্রদলের বোমা হামলায় পাঁচজন কর্মকর্তা-কর্মচারী আহত হয়েছেন।

আহতরা হলেন কন্ট্রোল অফিসের উচ্চমান সহকারী আরিফ মোল্লা, স্টোরকিপার সিকদার হাফিজুর রহমান, ইংরেজি বিভাগের উচ্চমান সহকারী ইশরাত জাহান সুইটি, সাদ্দাম হোসেন হলের উচ্চমান সহকারী মোয়াজ্জেম হোসেন ও কর্মচারী হাবিবুর রহমান। আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে আরিফ মোল্লার অবস্থা আশংকাজনক।

গতকাল সকাল সাড়ে সাতটার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর কায়েস উদ্দিনের কুষ্টিয়াস্থ বাসভবনের সামনে ছাত্রদল নেতা-কর্মীরা মিছিল, সমাবেশ ও সবশেষে ব্যারিকেড দিলে পুলিশ তাদেরকে স্থান ত্যাগ করার জন্য অনুরোধ জানায়। নেতারা পুলিশের উপর ক্ষিপ্ত হলে কুষ্টিয়া থানা পুলিশ ছাত্রদল ইবি শাখার সেক্রেটারি গোলাম কবির, সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান বাচ্চু, সহ-সভাপতি আসাদুজ্জামান, জিয়া হলের জি এস ফয়েজ মোহাম্মদ, সদস্য আবদুস সালাম এবং তথ্য ও গবেষণা সম্পাদক জাহাঙ্গীর কবিরকে গ্রেফতার করে। দুপুর ২টায় ক্যাম্পাস থেকে কুষ্টিয়া অভিমুখে ছেড়ে আসা পরিবহনগুলো ক্যাম্পাস সংলগ্ন শান্তিডাঙ্গার মোড় পার হতেই রাস্তার পূর্ব দিকের কাঁঠাল বাগানের ভেতর থেকে ছাত্রদলের সন্ত্রাসীরা পরিবহনগুলোকে লক্ষ্য করে উপর্যুপরি বোমা ও গুলিবর্ষণ করে।